# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৯৯. কাউকে যে কোন ভাবে কোন ধরনের ক্ষতির সম্মুখীন করা; চাই সে আপনার কোন ক্ষতি করুক কিংবা নাই করুক

’উবাদাহ্ বিন্ স্বামিত ও আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَا ضَرَرَ وَلَا ضِرَارَ

“তুমি কারোর কোন ধরনের ক্ষতি করো না। তেমনিভাবে তোমরা পরস্পর একে অপরের কোন ধরনের ক্ষতি করার প্রতিযোগিতা করো না”।[1]

আবু স্বিরমাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ ضَارَّ أَضَرَّ الله بِهِ ، وَمَنْ شَاقَّ شَقَّ الله عَلَيْهِ

“যে ব্যক্তি অন্যের ক্ষতি করতে চায় আল্লাহ্ তা’আলা তার ক্ষতি করেন। তেমনিভাবে যে ব্যক্তি অন্যের উপর কঠিন হয় আল্লাহ্ তা’আলাও তার উপর কঠিন হোন”।[2]

>

## ফুটনোট

[1] (ইবনু মাজাহ্, হাদীস ২৩৬৯, ২৩৭০)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ২৩৭১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11549

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন